


ভারতের কাগজ



## নর্থসাইথে শিক্ষকতা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

নর্থসাইথ বিশ্ববিদ্যালয় সূচিত শিক্ষার্থীদের শিক্ষক মূল্যায়ন উদ্যোগের প্রশংসা করেছেন শিক্ষা প্রতিমন্ত্রী আনাম আহসানুল হক মিলন। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রফেশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (পিডিপি) আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষা প্রতিমন্ত্রী ভাষণ দিচ্ছিলেন।

এক্সপ্লোর ইন টিচিং : মিথস অ্যান্ড রিয়েলিটিজ শীর্ষক কর্মশালায় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, জ্ঞানদান শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে একটি মিথস্ক্রিয়া। দুপক্ষের ভূমিকার ওপরেই নির্ভর করে ক্লাসরুমের সাফল্য। তাই শিক্ষকদের মান উন্নয়নে শিক্ষার্থীদের মূল্যায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এন এস ইউ ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান বেনজির আহমেদ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গত তিন বছরে ছাত্রদের মূল্যায়নে সেরা শিক্ষক হিসেবে বিবেচিতদের মধ্যে ড. এ এন এম মেশকাত এবং সাদিয়া সুলতানাও কর্মশালায় বক্তৃতা করেন। বিজ্ঞপ্তি।